# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৮১৭

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - ফিত্বরার বর্ণনা

### আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: فِي آخِرِ رَمَضَانَ أخرجُوا صَدَقَة صومكم. فرض رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذِهِ الصَّدَقَةَ صَاعًا مِنْ تَمْرٍ أَوْ شَعِيرٍ أَوْ نِصْفَ صَاعٍ مِنْ قَمْحٍ عَلَى كُلِّ حُرٍّ أَوْ مَمْلُوكٍ ذَكَرٍ أَوْ أُنْثَى صَغِيرٍ أَوْ كَبِيرٍ. رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيّ

### বাংলা

১৮১৭-[৩] ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। একবার তিনি রমাযানের শেষ দিকে লোকদের উদ্দেশে বললেন, তোমরা তোমাদের সিয়ামের সদাক্বাহ্ (সাদাকা) দাও। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমাদের প্রত্যেক মুসলিম, স্বাধীন-অধীন, গোলাম-বাঁদী, পুরুষ-মহিলা, ছোট-বড় সকলের পক্ষে ’এক সা’ খেজুর ও যব অথবা ’এক সা’-এর অর্ধেক গম সদাক্বাতুল ফিত্বর ফরয করে দিয়েছেন। (আবূ দাঊদ, নাসায়ী)[1]

### ফুটনোট

[1] সানাদটি য‘ঈফ কিন্তু এর মারফূ‘ সূত্রটি সহীহ : আবূ দাঊদ ১৬২২, নাসায়ী ২৫১৫। কারণটি এ সানাদটি মুনক্বত্বী‘, হাসান বসরী (রহঃ) ইবনু ‘আব্বাস (রাঃ)-এর সাক্ষাৎ না পাওয়ায়।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু ‘আব্বাস-এর এ হাদীসে অর্ধ সা‘ গমের কথা বলা হয়েছে। উক্ত হাদীস আবূ দাঊদ ও নাসায়ীতে বর্ণিত হয়েছে। আর এটিই ইমাম আবূ হানীফার মত।

তবে তিন ইমাম এর বিরোধিতা করেছেন।

আসলে হাদীসটি মুনক্বাতি' যা ইবনু তুরকামানী স্বীকার করেছেন। উক্ত হাদীস হাসান ইবনু ‘আব্বাস (রাঃ) থেকে রিওয়ায়াত করেছেন। তবে ‘উলামাগণ ইবনু ‘আব্বাস (রাঃ) থেকে হাসান-এর শ্রবণের প্রমাণ নিয়ে কথা উঠিয়েছেন যা সহীহ হাদীসের খিলাফ।

হাসান-এর সেমা বা শ্রবণ ইবনু ‘আব্বাস (রাঃ) থেকে প্রমাণ বা সাবিত নেই বলে দৃঢ়তার সাথে ব্যক্ত করেছেন ইমাম নাসায়ী, ইমাম আহমাদ ইবনু হাম্বাল, ইবনুল মাদানী, আবূ হাতিম, বাহয ইবনু আসাদ ও বাযযার।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56377

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন